দামুড়হুদায় ডেঙ্গু সচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে উপজেলার পরিষদ চত্ত্বরে থেকে উপজেলা প্রশাসনের নেতৃত্বে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালী বের হয়ে প্রধান সড়ক পদক্ষিণ করে পূনরায় একই স্থানে এসে শেষ হয়। দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা পরিষদের সভাকক্ষে নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে ডেঙ্গুসহ মশাবাহিত র আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহীদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মাহবুবা আক্তার তাবিয়া, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, যুবউন্নন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, আইসিটি কর্মকর্তা আরিফুল ইসলাম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার এস আই আরমান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুল ইসলাম রতনসহ গণমাধ্যম কর্মী, বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষাকা ও ছাত্রছাত্রী বৃন্দ। সভায় বক্তারা মশার জীবন চক্র ও মশা বাহিত বিভিন্ন রোগের উপর বিশদ আলোচনা করেন। ডেঙ্গু মশা চিহ্নিত করণ, ডেঙ্গু মশার প্রজনন ক্ষেত্র, ডেঙ্গু মশা প্রতিরোধে কী কী করণীয় সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে মশা নিধোনের জন্য ধোঁয়া স্পে করার দৃশ্য চোখে পড়লে দেখা গেছে, যিনি স্প্রে করছেন তার মুখ ও নাক সম্পূর্ণ উম্মুক্ত।এখানে লক্ষ্যনীয় হচ্ছে,মশা নিধনে যে ধোঁয়া স্প্রে করা হচ্ছিলেন ওই দৃশ্য দেখতে কোমলমতি শিশু শিক্ষার্থীরা পিছু পিছু ছুটে যাওয়ার দৃশ্য মেলেন । শক্তিশালী বিষ আর অকটেন মিশ্রিত